**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 25-03-2026** **Desk in Charge: Susmita M.**

**Time:- 7-50 PM** **Edit. & Compile : Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে SIR প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ৩২ লক্ষের নিষ্পত্তি হয়েছে বলে, CEO দপ্তর সূত্রে জানা গেছে।

২/ অবাধ ও সুষ্ঠুভাবে ভোট পরিচালনার জন্য যেকোন কর্মী-আধিকারিককে তারা বদলী করতে পারে বলে নির্বাচন কমিশন কলকাতা হাইকোর্টে জানিয়েছে।

৩/ বিধানসভা নির্বাচনের জন্য ISF, দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৪/ রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন ‘দুর্নীতি ও অরাজক পরিস্থিতি থেকে মুক্তির নির্বাচন’ বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মন্তব্য করেছেন।
# অন্যদিকে, ভোট ঘোষণার পর একাধিক আধিকারিকের বদলী, রান্নার গ্যাস সহ একাধিক ইস্যুতে কেন্দ্রের বিরুদ্ধে সরব হয়েছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী। # উত্তরপাড়ায় ভোট প্রচারে অংশ নিয়েছেন, CPIM নেত্রী মীনাক্ষী মুখার্জি।

৫/ আসন্ন বিধানসভা নির্বাচনে, হুমায়ুন কবীরের দল ‘আম জনতা উন্নয়ন পার্টি’-র সঙ্গে আসাদউদ্দিন ওয়াইসি-র AIMIM –এর সঙ্গে জোটের ঘোষণা।

৬/ রাজ্যের সব জেলাতেই আগামী শুক্রবার থেকে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**********************************************************************

রাজ্যে SIR  প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই ৩২ লক্ষের নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গিয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে। গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটারের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছিল। যাঁদের নাম ই-সাইন প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদিত হয়েছে, তাঁদের নামই ওই তালিকায় রয়েছে। পরবর্তী অতিরিক্ত তালিকা, আগামী শুক্রবার প্রকাশিত হওয়ার কথা।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়েছে। তবে আদালত জানিয়েছে, ২৭ মার্চের পর বিষয়টি বিবেচনা করা হবে।

*****************************

অবাধ ও সুষ্ঠুভাবে ভোট পরিচালনার জন্য যেকোন কর্মী-আধিকারিককে তারা বদলী করতে পারে বলে নির্বাচন কমিশন কলকাতা হাইকোর্টে জানিয়েছে। ভোট ঘোষণার পর রাজ্যে একাধিক IAS, IPS আধিকারিকদের বদলীর বিরুদ্ধে হাউকোর্টে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানিতে আজ নির্বাচন কমিশনের আইনজীবি ডি এস নাইডু বলেন, নির্বাচন ঘোষণা থেকে ফলাফল পর্যন্ত কমিশনকে সর্বময় ক্ষমতা দিয়েছে সংবিধান। শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট পরিচালনার লক্ষ্যে রাজ্য ও কেন্দ্রের প্রশাসনিক ক্ষমতায়'ও তারা হস্তক্ষেপ করতে পারে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং স্বচ্ছ নির্বাচনের জন্য যেকোন আধিকারিকেই সরিয়ে দেওয়ার ক্ষমতা তাদের আছে।

এদিকে, মামলাকারীর আইনজীবি কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, আইনের বাইরে গিয়ে নির্বাচন কমিশন কাজ করতে পারেনা। রাজ্য থেকে আমলারা বদলী হয়ে গেলে, জরুরী পরিস্থিতিতে লোকবলের অভাবে সমস্যা দেখা দিতে পারে।

আগামী শুক্রবার মামলার পরবর্তী শুনানি।

*****************************

বিধানসভা নির্বাচনের জন্য ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-ISF, আজ তাদের দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। দলের চেয়ারম্যান, বিধায়ক নৌশাদ সিদ্দিকি এক সাংবাদিক বৈঠকে পাঁচ জন প্রার্থীর নাম ঘোষণা করেন।

এর আগে গত সোমবার দলের তরফে ২৩ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করা হয়েছিল।

( বাইট- নৌশাদ )

******************************

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন 'দুর্নীতি ও অরাজক পরিস্থিতি থেকে মুক্তির নির্বাচন' বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মন্তব্য করেছেন।
রাজ্য সফরের দ্বিতীয় দিনে আজ সল্টলেকে বিজেপির কার্যালয়ে সাংগঠনিক বৈঠকে যোগদানের পর তিনি বলেন, রাজ্যে 'মা'-এরা নিরাপত্তার অভাবে ভুগছেন। 'মাটি'তেও অনুপ্রবেশকারীরা এসে জবরদখল করে রাজ্যের জনবিন্যাস পালটে দিচ্ছে। দুর্নীতি, সিন্ডিকেট ও কাটমানির কারণে বঞ্চিত হচ্ছেন 'মানুষ'। শিল্প চলে যাওয়ার কারণে রাজ্যের মানুষ কর্মসংস্থান হারানোর ভয় ভীত হয়ে রয়েছেন। তাই রাজ্য থেকে তৃণমূল কংগ্রেস সরকারকে উৎখাত করার আহ্বান জানান তিনি।

( বাইট- নীতিন নবীন/ দুর্নীতি )

মহিলা, যুব ও স্বেচ্ছাসেবী সংস্থা, বিভিন্ন ধর্মীয় সংগঠন এবং তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের সুবিধাভোগী দলগুলির সঙ্গে আজ তিনি সাক্ষাৎ করেন। এর আগে দক্ষিণেশ্বরে মা ভবতারিণী মন্দিরে মন্দিরে পুজো দেওয়ার পর রামকৃষ্ণ পরমহংসদেব, মা সারদার ঘর, রামকৃষ্ণ দেবের ধ্যানকক্ষ পরিদর্শন করেন তিনি।

******************************

আসন্ন বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে জমে উঠেছে প্রচারাভিযান।
তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ জলপাইগুড়ির ময়নাগুড়ি, ডাবগ্রাম-ফুলবাড়ি এবং মাটিগাড়া নকশালবাড়িতে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনটি জনসভা করেন। ভোট ঘোষণার পর একাধিক আধিকারিকের বদলী, রান্নার গ্যাস সহ একাধিক ইস্যুতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সরব হন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ভোটের আগে

বিরোধী রাজনৈতিক নেতারা একাধিক প্রতিশ্রুতি দিলেও, নির্বাচনের পর কারো দেখা মেলেনা।

( বাইট- মমতা )

পশ্চিম মেদিনীপুরের দাসপুরে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ পূর্ব মেদিনীপুরের রামনগরে, দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার করেন। পটাশপুরে এক জনসভায় বিধানসভা নির্বাচনে বিজেপির আসন সংখ্যা **১৭৭**-এর নীচে নামবে না বলে তিনি দাবী করেন।

( বাইট- শুভেন্দু )

হুগলীর উত্তরপাড়ায়, আজ প্রচারে অংশ নেন CPIM প্রার্থী মীনাক্ষী মুখার্জি।

*****************************

সংখ্যালঘুদের ভোট পেলেও তাদের উন্নয়নে তৃণমূল কংগ্রেস ব্যর্থ বলে AIMIM প্রধান **আসাদউদ্দিন ওয়াইসি** অভিযোগ করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি দাবি করেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নীতি, বাংলায় বিজেপির উত্থানকে আরও ত্বরান্বিত করেছে। হুমায়ুন কবীরের দল 'আম জনতা উন্নয়ন পার্টি' -র সঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে জোট গড়ার কথা ঘোষণা করেন তিনি।

অন্যদিকে, **হুমায়ুন কবীর** বলেন, তাঁদের জোট আসন্ন বিধানসভা নির্বাচনে **১৮২**টি আসনে প্রার্থী দেবে।

*****************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “গ্রামীণ অর্থনীতিতে পাট চাষ ও পাট শিল্পএই ।" নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার কল্যান কুমার মজুমদারের সঙ্গে কথাবলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, একইসঙ্গে ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*****************************

চা শ্রমিকদের কল্যাণে কেন্দ্রীয় সরকার **প্রধানমন্ত্রী চা শ্রমিক উৎসাহ যোজনা-২০২১** নিয়ে এলেও, পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার তা চালু করতে দেয়নি বলে অভিযোগ করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।

আজ লোকসভায় অর্থবিল-এর উপর জবাবী ভাষণে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন, দরিদ্র ও প্রান্তিক চা শ্রমিকদের সুস্বাস্থ্য, শিক্ষা, আবাস সুনিশ্চিত করা এই প্রকল্পের উদ্দেশ্য। কিন্তু সঙ্কীর্ণ রাজনীতির জন্য পশ্চিমবঙ্গের তিন লক্ষ ৭৯ হাজারের বেশি চা শ্রমিক এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন।

****************************

আকাশবানীতে, আগামীকাল থেকে সকালের সম্প্রচার শুরুর সময় জাতীয় স্তোস্ত্র বন্দেমাতরমের পূর্ণ সংস্করণ পরিবেশিত হবে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে, স্বরাষ্ট্রমন্ত্রকের সাম্প্রতিক নির্দেশ অনুযায়ী নতুন এই সিদ্ধান্ত।

****************************

সরকার জানিয়েছে, ৩৬ টন অপরিশোধিত তেল শোধনের ক্ষমতা দেশের রয়েছে। জনগণকে এনিয়ে আতঙ্কিত না হওয়ার এবং কোনো রকম গুজবে বিশ্বাস না করার আবেদন জানানো হয়েছে।

নতুন দিল্লীতে আজ পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে এক আন্তঃমন্ত্রক বৈঠকে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা স্পষ্ট জানান, দেশে পেট্রোল ও ডিজেলের দাম বেড়েছে বলে যে গুজব ছড়ানো হচ্ছে তা সর্বৈব মিথ্যা। এদিকে, রান্নার গ্যাসের রিফিল বুকিং নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রচারিত খবরের প্রেক্ষিতে সরকার স্পষ্ট জানিয়েছে, বুকিং-এর সময়সীমার কোনো পরিবর্তন আপাতত হয়নি।

****************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ডিজিট্যাল প্রশাসন, সংযোগ ও জলবায়ু সংক্রান্ত বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছে। ভিসা, ইমিগ্রেশন ও ফরেনার ট্র্যাকিং সার্ভিস, পুরোপুরি ডিজিট্যাল করে তুলতে IVFRT তৃতীয় পর্যায়ের জন্য এক হাজার ৮০০ কোটি টাকা অনুমোদন করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রকের আওতাধীন এই প্রকল্পে, কৃত্রিম মেধা বা এআই, মুখমন্ডলের ছবি এবং চোখের মণি চিত্র ব্যবহার ভিত্তিক প্রযুক্তি প্রয়োগ করে মৌলিক পরিকাঠামোগুলি অত্যাধুনিক করে তোলা হবে। এই প্রকল্পে, ইউনিফায়েড বা সংযুক্ত পোর্টাল, মোবাইক অ্যাপ ভিত্তিক পরিষেবা, সেলফ সার্ভিসের ব্যবস্থা এবং নতুন তথ্য কেন্দ্র চালু করা হবে।

******************************

রাজ্যের সব জেলাতেই আগামী শুক্রবার থেকে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের বিভিন্ন জেলা, দক্ষিণবঙ্গের ঝাড়গ্রাম এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে আজ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির পূর্বাভাস। আগামীকাল পর্যন্ত তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে সামান্য বেশি ২৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক তিন ডিগ্রি কম।

************************************************************************